



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### সৌদি প্রবাসী বাংলাদেশীদের সাথে বিএইচবিএফসি'র মতবিনিময়



সম্প্রতি এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে এক্সপেট্রিয়েটস ডিজিটাল সেন্টার অব রিয়াদ ও সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সহযোগিতায় সৌদি প্রবাসী বাংলাদেশীদের সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের মধ্যে এক ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। কনফারেন্সে বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক 'প্রবাসী আবাসন' ঋণের সুযোগ-সুবিধা নিয়ে প্রবাসী বাংলাদেশীদের সাথে মতবিনিময় করেন। এসময় কনফারেন্সটি সৌদি আরব হতে ফেসবুকে লাইভ সম্প্রচার করা হয় এবং এর মাধ্যমে সৌদি প্রবাসী বাংলাদেশীদের বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক কর্পোরেশনের ঋণ বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব দেন। সৌদি প্রবাসীরা মত বিনিময়ের এক পর্যায়ে বিএইচবিএফসি'র প্রবাসী ঋণ কার্যক্রমের প্রশংসা করেন এবং এ ঋণ সহায়তায় বাড়ি নির্মাণে তাদের দীর্ঘদিনের স্বপ্ন পূরণের আশাবাদ ব্যক্ত করেন। এ কনফারেন্সে সৌদি আরবের হাইল সিটির কমিউনিটি নেতৃবৃন্দ ও স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ, বাংলাদেশের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি এবং বিএইচবিএফসি'র পক্ষে উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।